দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 MAR 2017
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# পাঠ্যবইয়ে ভুল: দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু

## সবাই এনসিটিবির কর্মকর্তা

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি শিক্ষাবর্ষের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিনামূল্যের পাঠ্যবইয়ে ভুলের জন্য দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইত্তেফাককে বলেছেন, দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। তবে সবার বিরুদ্ধে সমান ব্যবস্থা নয়। এ জন্য একটি কমিটি কাজ করছে বলে মন্ত্রী জানান।

তথ্য অনুযায়ী, পাঠ্যবইয়ের ভুলের কারণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়ী করা হয়েছে। এ সংক্রান্ত তদন্ত প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের জমা দিয়েছে ২৩ ফেব্রুয়ারি। তবে প্রতিবেদন প্রকাশ না করে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু করছে মন্ত্রণালয়।

চলতি শিক্ষাবর্ষের পাঠ্যবইয়ে বিভিন্ন ধরনের ভুলভ্রান্তি নিয়ে জানুয়ারিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব রুহী রহমানকে প্রধান করে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এই কমিটি তদন্ত শেষে গত ২৩ ফেব্রুয়ারি মন্ত্রণালয়ে প্রতিবেদন জমা দেয়।

দায়ী কর্মকর্তাদের মধ্যে প্রীতিশ কুমার সরকার ও লানা হুমায়রা খানকে ইতিমধ্যে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে।

তদন্ত প্রতিবেদনে বিভিন্ন বইয়ের ভুলের জন্য পৃথকভাবে এনসিটিবির সাত কর্মকর্তাকে দায়ী করা হয়েছে। তৃতীয় শ্রেণির বাংলা বইয়ে কবি কুসুমকুমারী দাশের 'আদর্শ ছেলে' কবিতায় ভুল পংক্তি বিন্যাস ও শব্দের পরিবর্তনজনিত ভুলের জন্য এনসিটিবির সদস্য (প্রাথমিক) অধ্যাপক মো. আব্দুল মান্নান সরকার এবং এনসিটিবির বিশেষজ্ঞ লানা হুমায়রা খানকে দায়ী করা হয়েছে।

তৃতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বইয়ে ভুলভাবে নীতিবাক্য মুদ্রণের জন্য এনসিটিবির সম্পাদক গৌরাঙ্গ লাল সরকার ও প্রধান সম্পাদক প্রীতিশ কুমার সরকারকে দায়ী করা হয়েছে। একই শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় পাঠ্যবইয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মায়ের নাম সায়েরা খাতুনের পরিবর্তে ভুলভাবে সায়েরা বেগম ছাপানোর জন্য এনসিটিবির বিশেষজ্ঞ মো. মোসলেহ উদ্দিন সরকার ও গৌরাঙ্গ লাল সরকারকে দায়ী করা হয়। আর ষষ্ঠ শ্রেণির ইসলাম ও নৈতিক শিক্ষা বইয়ে আরবি বানান ভুলের জন্য বিশেষজ্ঞ রেবেকা সুলতানাকে দায়ী করা হয়েছে। এ ছাড়া অষ্টম শ্রেণির বাংলা বই 'সাহিত্য কণিকা'য় 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' পাঠটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ অনুলিখন-পরিমার্জন সঠিকভাবে না করার জন্য বিশেষজ্ঞ হাননান সরকারকে দায়ী করা হয়েছে।